সহ. প্রশাসক/ সিদ্ধান্ত্ব/ উপস্থাপিত

# বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর-১৭০১

## কীটতত্ত্ব বিভাগ

PIU-BARC, NATP-2 (PBRG)

উপ-প্রকল্প নং ০৮৭

পত্র নং পত্র নং- ই-১৭২/১৮/২০(১১) তারিখঃ ২২/১০/২০১৮ইং

## নিয়োগ পত্র

ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম-ফেজ II (NATP-2) প্রকল্পের অর্থায়নে বিএআরসি'র শস্য বিভাগের আওতায় "Eco-friendly Rodent Management Through Owl Conservation" শীর্ষক PBRG উপ-প্রকল্পের (আইডি নং ০৮৭) বিআরআরআই অঙ্গে 'ল্যাবরেটরী টেকনিশিয়ান' পদে জনবল নিয়োগের জন্য গত ১০/১০/২০১৮ ইং তারিখে অনুষ্ঠিত নিয়োগ কমিটির সভার সুপারিশ এবং ব্রি কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নবর্ণিত প্রার্থীকে তাঁর নামের পার্শ্বে বর্ণিত পদে, সর্বসাকুল্য বেতনে ও বর্ণিত কর্মস্থলে নিম্নলিখিত শর্তাবলীতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য নিয়োগ করা হলো।

| নাম, পিতার নাম ও স্থায়ী ঠিকানা | বর্তমান ঠিকানা | পদ ও বেতন স্কেল/০৯ | কর্মস্থল |
|---|---|---|---|
| মোঃ ওহিদুর রহমান<br>পিতার নাম - মোঃ ফজলুল হক<br>মাতার নাম- অলিমা বেগম<br>গ্রাম ঃ পূর্ব করমজা<br>পোঃ হাট করমজা<br>থানা ঃ সোনাতলা<br>জেলা ঃ বগুড়া | মোঃ ওহিদুর রহমান<br>পিতা - মোঃ ফজলুল হক<br>গ্রাম ঃ পূর্ব করমজা<br>পোঃ হাট করমজা<br>থানা ঃ সোনাতলা<br>জেলা ঃ বগুড়া<br>মোবাইল-০১৭৪০৩৮৬৯৬৪ | ল্যাবরেটরী টেকনিশিয়ান (গ্রড-১৬) , ৯৩০০-১৫,৬৫০/-<br>সর্বসাকুল্য বেতন ১৫,৬৫০/- | ব্রি আঞ্চলিক কার্যালয়, কুমিল্লা। |

শর্তাবলী ঃ

১. প্রকল্পে নিয়োজিত সকল জনবল সার্বক্ষনিকভাবে প্রকল্পের কাজে নিয়োজিত থাকবে এবং প্রকল্পের মেয়াদ শেষ হওয়ার পর আপনা-আপনি তাঁর পদ বিলুপ্ত হবে এবং নিয়োগপত্রটি মেয়াদ শেষে অব্যহতিপত্র হিসাবে গণ্য হবে।

২. তাঁর কাজকর্ম সন্তোষজনক না হলে কর্তৃপক্ষ যেকোন সময় তাকে ৩০ (ত্রিশ) দিনের নোটিশে প্রকল্পের চাকুরী থেকে অব্যহতি দিতে পারবেন। তিনি প্রকল্পের চাকুরী থেকে পদত্যাগ করতে চাইলে কমপক্ষে ৩০ (ত্রিশ) দিন পূর্বে কর্তৃপক্ষকে অবহিত করতে হবে অথবা ৩০ (ত্রিশ) দিনের বেতনের সমপরিমাণ অর্থ প্রকল্পের তহবিলে জমা দিতে হবে।

৩. কাজে যোগদানের সময় তাকে শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেটের মূল কপি প্রদর্শন পূর্বক সত্যায়িত কপি জমা দিতে হবে। এছাড়া তাকে নিম্নবর্ণিত রিপোর্ট ও সার্টিফিকেটের সত্যায়িত কপি জমা দিতে হবে।
(ক) ব্রি'র আবাসিক চিকিৎসকের নিকট থেকে শারীরিক ও মানসিক ডাক্তারী পরীক্ষার সনদ পত্র।
(খ) ইউনিয়ন পরিষদ/পৌরসভা থেকে নাগরিকত্বের সনদ পত্র।
(গ) একজন প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ পত্র ও
(ঘ) সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রাপ্ত টেস্টিমোনিয়েলের সত্যায়িত কপি।

৪. তার ডাক্তারী ও চারিত্রিক সার্টিফিকেট সন্তোষজনক না হলে চাকুরীতে যোগদানপত্র গ্রহণ করা হবে না।

৫. তাকে প্রকল্পের কাজে প্রাথমিকভাবে ব্রি, গাজীপুর এ যোগদান ও অবস্থান করতে হবে, পরবর্তীতে কর্মস্থলে অবস্থানসহ প্রকল্পের কাজে বাংলাদেশের যে কোন স্থানে ভ্রমণ এবং রাতে কাজ করার জন্য মানসিক ভাবে প্রস্তুত থাকতে হবে।

৬. তাকে সম্পূর্ণ অস্থায়ী পদের অনুকূলে নিয়োগ করা হলো। তাঁর পদ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক যে কোন সময় বিলুপ্ত, ছাটাই অথবা পদ পরিবর্তন করা যেতে পারে। এই বিলুপ্ত, ছাটাই বা পদ পরিবর্তনের প্রয়োজন হলে তাকে ৩০ (ত্রিশ) দিনের নোটিশে অথবা ৩০ (ত্রিশ) দিনের বেতনের সমপরিমাণ অর্থ অথবা সময়ের আনুপাতিক হারে আংশিক অর্থ প্রদান করে চাকুরী থেকে অব্যহতি দেয়া হবে।

৭. তাকে সর্বদা তাঁর নিয়ন্ত্রণকারী কর্মকর্তা/কর্তৃপক্ষের নির্দেশ মান্য করতে হবে এবং তাঁর দায়িত্ব ও কর্তব্য পালন সম্পর্কে প্রকল্প/ব্রি নির্ধারিত নিয়ম কানুন এর প্রতি শ্রদ্ধাশীল হতে হবে।

৮. তাকে অত্যন্ত সততা ও দক্ষতার সাথে দায়িত্ব পালন করতে হবে এবং তিনি সর্বোচ্চ সামর্থ অনুযায়ী সার্বক্ষণিকভাবে প্রকল্পের/ইনস্টিটিউটের কার্যাদি সম্পন্ন করতে বাধ্য থাকবেন।

৯. তিনি প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নিজ বা অন্যের নামে ব্যবসা পরিচালনা করতে পারবেন না এবং উপর্যুক্ত কর্তৃপক্ষের পূর্ব অনুমোদন ব্যতিরেকে বাহিরের কোন অবৈতনিক বা বৈতনিক চাকুরী গ্রহণ করতে পারবেন না।

১০. তিনি (দূর্ঘটনা বা ডাক্তারী সার্টিফিকেট ব্যতিত) পূর্ব অনুমোদন ব্যতিরেকে চাকুরীতে অনুপস্থিত থাকতে পারবেন না।

১১. তার বাসস্থান এবং যাতায়াতের ব্যবস্থার জন্য কর্তৃপক্ষ বাধ্য নহে।

১২. কৃষি মন্ত্রণালয়ের পত্র নং-কৃষি-৭/৭-৩/২০০৪/৭৬২, তারিখ-৩১/০৭/২০০৪ ইং মোতাবেক সরকারের নির্দেশনা অনুযায়ী নিজের জন্য বা পরিবারের অন্য সদস্যের জন্য যৌতুক দিবেন না এবং যৌতুক নিবেন না মর্মে যোগদানপত্রের সাথে একটি ঘোষণাপত্র স্বাক্ষর করে প্রদান করতে হবে।

উপরোল্লিখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য হলে তিনি প্রয়োজনীয় ছাড়পত্র (কর্মরতদের ক্ষেত্রে) এবং সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবিসহ তাঁর নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে আগামী ১লা নভেম্বর ২০১৮ ইং তারিখ কাজে যোগদান করবেন। তবে ৭ই নভেম্বর ২০১৮ ইং তারিখের মধ্যে কাজে যোগদানে ব্যর্থ হলে অত্র নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে। কাজে যোগদানের তারিখ হতে এই নিয়োগপত্র কার্যকর হবে।

স্বাঃ

(ড. মোঃ মোফাজ্জল হোসেন)
প্রধান গবেষক, পরিবেশ সম্মতভাবে ইঁদুর
ব্যবস্থাপনা উপ-প্রকল্প (ID:087, ব্রি অংগ) এবং
প্রধান, ব্রি আঃ কাঃ, সিরাজগঞ্জ ।

পত্র নং পত্র নং- ই-১৭২/১৮/২০(১১) তারিখঃ ২২ /১০/২০১৮ইং

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১. সদস্য পরিচালক (শস্য), বিএআরসি, ঢাকা।
২. পরিচালক, পিআইইউ, এনএটিপি-২, বিএআরসি, ঢাকা।
৩. প্রধান, ব্রি আঃ কাঃ, কুমিল্লা।
৪. প্রধান, কীটতত্ত্ব বিভাগ, ব্রি, গাজীপুর।
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, ব্রি।
৬. পরিচালক (গবেষণা) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ব্রি।
৭. পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ব্রি।
৮. সিস্টেম এনালিষ্ট, আইসিটি সেল, ব্রি, গাজীপুর (ব্রি ওয়েব সাইটে প্রকাশের জন্য) এবং
৯. ব্যক্তিগত নথি।
১০. সংশ্লিষ্ট নথি।

২২/১০/১৮

(ড. মোঃ মোফাজ্জল হোসেন)
প্রধান গবেষক, পরিবেশ সম্মতভাবে ইঁদুর
ব্যবস্থাপনা উপ-প্রকল্প (ID:087, ব্রি অংগ) এবং
প্রধান, ব্রি আঃ কাঃ, সিরাজগঞ্জ ।